# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম

স্মারক নম্বর: চাশবো/ ক-শা/ বিজ্ঞপ্তি/ ৪৬৬৯(২) তারিখ: ১১/৬/১৯

## ভর্তি বিজ্ঞপ্তি

**(১ম আবেদনের ফল/ নিশ্চায়ন/ মাইগ্রেশন/২য় ও ৩য় পর্যায়ের আবেদন সংক্রান্ত)।**

এতদ্বারা অত্রবোর্ডের আওতাধীন কলেজ সমূহে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য জন্য আবেদনকারী শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একাদশ শ্রেণিতে ভর্তির ফল www.xiclassadmission.gov.bd ওয়েবসাইটে "আবেদনকারীর ফলাফল" Link - এ দেখা যাবে। যে সকল শিক্ষার্থী কলেজে মনোনীত হয়েছে তাদেরকে ১৮ জুন - ২০১৯ এর মধ্যে টেলিটক / বিকাশ / শিওর ক্যাশ / সোনালী ব্যাংক - এর মাধ্যমে ১৯৫/- ( একশত পঁচানব্বই) টাকা উক্ত ওয়বেসাইটে উল্লিখিত পদ্ধতিতে জমা দিয়ে নির্দিষ্ট সময়ের মধ্যে নিশ্চায়ন করতে হবে। নিশ্চায়নের বিষয়টি উক্ত ওয়েবসাইটে" Registration Payment Check" Link – এ যাচাই করা যাবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নিশ্চায়ন না করলে ভর্তির মনোনয়ন ও আবেদন বাতিল হয়ে যাবে। যে সকল শিক্ষার্থী নিশ্চায়ন করবে তাদের মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে মনোনীত কলেজের উপরে পছন্দক্রমের কলেজে আসন শূন্য হওয়া সাপেক্ষে স্বয়ংক্রিয় পদ্ধতিতে ( Auto migration) মাইগ্রেশন হবে। উপরের পছন্দক্রমে মাইগ্রেশনের জন্য কোন আবেদন করতে হবে না এবং কোন ফি প্রয়োজন হবেনা। এই মাইগ্রেশনের ফল আগামী ২১/০৬/২০১৯ তারিখে প্রকাশ করা হবে।

যে সকল শিক্ষার্থী আবেদন করার পরও কোন কলেজে মনোনীত হয়নি বা ভর্তির জন্য পূর্বে আবেদন করেনি অথবা ১ম আবেদনে মনোনীত হয়েও নিশ্চায়ন করেনি তারা আগামী ১৯ ও ২০ জুন ২য় পর্যায়ে নির্ধারিত সময়ে Online-এ আবেদন করতে পারবে। যারা ১ম আবেদনে কলেজে মনোনীত হয়নি তারা ফি ব্যতীত ২য় আবেদন করতে পারবে। ২য় পর্যায়ে আবেদনকারীদের ফল আগামী ২১ জুন প্রকাশ করা হবে। ২য় পর্যায়ে আবেদনকারীদের মধ্যে মনোনীত শিক্ষার্থীদের আগামী ২২ ও ২৩ জুন একই পদ্ধতিতে নিশ্চায়ন করতে হবে। নিশ্চায়ন না করলে আবেদন বাতিল হয়ে যাবে।

যে সকল শিক্ষার্থী ২য় পর্যায়ে আবেদন করার পরও কোন কলেজে মনোনীত হবেনা বা আবেদন করবেনা বা মনোনীত হয়েও নিশ্চায়ন করবেনা তারা ২৪ জুন ৩য় পর্যায়ে আবেদন করতে পারবে। ২৫ জুন পছন্দক্রম অনুযায়ী স্বয়ংক্রিয় পদ্ধতিতে ২য় অটো মাইগ্রেশন ( Auto migration) এর ফল প্রকাশ করা হবে। Auto migration- এ যে শিক্ষার্থী উপরের (অগ্রাধিকারের ) পছন্দক্রমের কলেজে মনোনীত হবে সে শিক্ষার্থীর জন্য সেই কলেজই চূড়ান্ত কলেজ হিসেবে বিবেচিত হবে। Auto migration না হলে মনোনীত কলেজই চূড়ান্ত বলে বিবেচিত হবে। ২৫ জুন ৩য় পর্যায়ের আবেদনের ফল প্রকাশ করা হবে। ৩য় পর্যায়ের মনোনীত শিক্ষার্থীদের ২৬ জুন নিশ্চায়ন করতে হবে। নিশ্চায়ন না করলে আবেদন বাতিল হয়ে যাবে।

২৭ জুন থেকে ৩০ জুন ২০১৯ এর মধ্যে কলেজ নির্ধারিত তারিখে মনোনীত ও অটো মাইগ্রেশনে মনোনীত শিক্ষার্থীদের কলেজে উপস্থিত হয়ে ফি ও প্রয়োজনীয় কাগজ জমা দিয়ে কলেজে ভর্তি নিশ্চিত করতে হবে।

ভর্তির জন্য মনোনীত শিক্ষার্থীদের তালিকা আগামী ২৭ জুন উক্ত ওয়েবসাইটে কলেজ কর্তৃপক্ষ নির্দিষ্ট লিংকে দেখতে পাবে। কলেজ কর্তৃপক্ষ Online - এ EIIN ও Password ব্যবহার করে নির্ধারিত সময়ের মধ্যে Approval নিশ্চিত করে সফ্ট কপি ও হার্ড কপি কলেজে সংরক্ষণ করবেন। ১জুলাই ২০১৯ সকল কলেজে ২০১৯ - ২০২০ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির ক্লাস শুরু হবে।

১১/৬/১৯

( প্রফেসর মোঃ জাহেদুল হক)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড
চট্টগ্রাম।